অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী আর্টিস্ট ফেলোশিপের সুযোগ ঘোষণা করলেন

নিউ ইয়র্ক কাউন্সিল অন দ্য আর্টস ফেলোশিপের দ্বিতীয় বছরে স্টেটের মুখ্য উদ্যোগগুলিতে সহযোগিতা করার জন্য শিল্পীদের NYS এজেন্সিগুলিতে কাজের সুযোগ দিচ্ছে

স্টেট এজেন্সিগুলিতে চারটি ফেলোশিপ পদ আছে; আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 21 অক্টোবর, 2026

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে মুখ্য স্টেট উদ্যোগগুলির জন্য উদ্ভাবনী অংশগ্রহণমূলক কার্যক্রম গড়ে তুলতে স্টেট এজেন্সিগুলির সাথে পার্টনারশিপ করার জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্পীদের আবেদন গ্রহণ শুরু হয়েছে। 2026 সালে শুরু হওয়া এবং এখন দ্বিতীয় বছরে প্রবেশ করা, নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস (New York State Council on the Arts, NYSCA) পরিচালিত New York State of the Arts Fellowship কমিউনিটির সাথে সংযোগ তৈরি করা, সরকারি উন্মুক্ত স্থানগুলি আরো উন্নত করা এবং অতি গুরুত্বপূর্ণ সরকারি সেবা উদ্যোগগুলিকে আরো কার্যকর করার লক্ষ্যে শিল্পী ও স্টেট সরকারকে একসাথে কাজ করার সুযোগ দেয়।

"অনন্য ও ক্রস-ডিসিপ্লিনারি পার্টনারশিপের সুযোগ তৈরি করার মাধ্যমে State of the Arts Fellowship প্রজেক্ট ও চ্যালেঞ্জের ক্ষেত্রে নতুন ও অর্থপূর্ণ পদ্ধতি গড়ে তুলতে থাকবে," **বলেন গভর্নর Hochul (হোকল)**। "আমি আমাদের সৃজনশীল কমিউনিটিকে এই সুযোগের জন্য আবেদন করতে এবং নিজেদের সৃজনশীলতা ও উদ্ভাবনের মাধ্যমে অন্য নিউ ইয়র্কবাসীদের সেবা করতে উৎসাহিত করছি।"

এই প্রোগ্রামের নির্দেশিকা arts.ny.gov/SOAfellow ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের শেষ সময় 21 অক্টোবর, 2026, বিকাল 5:00টায়। 2027 সালের শুরুর দিকে ফেলোদের নাম ঘোষণা করা হবে।

State of the Arts Fellowship নির্বাচিত শিল্পীদেরকে 2027 সালের শুরুর দিকে শুরু হতে যাওয়া এক বছরের রেসিডেন্সির জন্য চারটি স্টেট এজেন্সিতে স্থাপন করবে। চিত্রকলা, পরিবেশনা, সাহিত্য, চলচ্চিত্র, এবং ইন্টারডিসিপ্লিনারি চর্চাসহ সব শাখার শিল্পীদের এই অনন্য সুযোগের জন্য আবেদন করার আমন্ত্রণ জানানো হচ্ছে।

অংশগ্রহণকারী এজেন্সিগুলি হলো:

- **নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশন (New York State Canal Corporation)**: খাল ব্যবস্থার ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে বহু প্রজন্মের খালকর্মী এবং খালের পাশের শহরগুলিকে সম্মান জানাতে ও উন্নতি করতে ফেলো Canal Craft-এর দক্ষতা ও উদ্ভাবনকে ব্যাখ্যা করবেন ও তুলে ধরবেন। (নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল করিডোরে অবস্থিত সাইটগুলি; বাফেলো (Buffalo), সিরাকিউজ (Syracuse) এবং অ্যালবানির (Albany) স্টাফ অফিস)
- **নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হিউমেন রাইটস (Division Of Human Rights, DHR)**: ফেলো অধিকার, পরিচয় এবং অন্তর্ভুক্তি সম্পর্কিত গুরুত্বপূর্ণ আলোচনাগুলিকে অর্থপূর্ণভাবে তুলে ধরবেন এবং একই সাথে এই বৃহৎ ধারণাগুলিকে নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনের সাথে যুক্ত করবেন (নিউ ইয়র্ক সিটি (New York City) /ব্রঙ্কস (Bronx)।
- **নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes & Community Renewal, NYSHCR) - স্টেট অফ নিউ ইয়র্ক মর্টগেজ এজেন্সি (State of New York Mortgage Agency, SONYMA):** ফেলো বাড়ির মালিকানা সম্পর্কে সচেতনতা ও ধারণার ক্ষেত্রে বিদ্যমান ব্যবধান কমাতে সাহায্য করবেন এবং নিউ ইয়র্ক স্টেটে SONYMA-এর সেবা পাওয়া জনগোষ্ঠী ও কমিউনিটিগুলিকে তাদের সুযোগগুলির সাথে যুক্ত করবেন। (নিউ ইয়র্ক স্টেটের একাধিক সাইট; অ্যালবানি (Albany) এবং ম্যানহাটনে (Manhattan) প্রধান অফিস)
- **নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD):** ফেলো Willowbrook State School-এর সাবেক বাসিন্দা ও তাদের পরিবারের সদস্য, ডিজেবিলিটি অধিকার কমিউনিটির অন্যান্য স্টেকহোল্ডার, এবং সাধারণ মানুষের সম্মিলিত স্মৃতি, জীবনের অভিজ্ঞতা ও আর্কাইভের উপকরণ এমন উপায়ে সংগ্রহ, তুলে ধরা এবং ব্যাখ্যা করবেন যাতে বর্তমান ও ভবিষ্যতের প্রতিবেশী, শিক্ষার্থী এবং দর্শনার্থীদের সাথে সংযোগ তৈরি হয় এবং বিষয়গুলি তাদের কাছে প্রাসঙ্গিক হয়ে উঠে। নতুন Willowbrook Center for Learning নির্মাণ ও উদ্বোধনের সময়ের সাথে সমন্বয় করে এই কাজ করা হবে। (অ্যালবানি এবং স্ট্যাটেন আইল্যান্ড (Staten Island))

একটি সমন্বিত প্রক্রিয়ার মাধ্যমে স্টেটের এজেন্সিগুলির সাথে ফেলোগণ নিবিড়ভাবে কাজ করবেন, গুরুত্বপূর্ণ সমস্যাগুলির সমাধান করবেন এবং নিউ ইয়র্কের কমিউনিটির উপর স্থায়ী প্রভাব ফেলে এমন প্রজেক্ট বাস্তবায়ন করবেন। হোস্ট এজেন্সি ও NYSCA ফেলোদের নির্বাচন করবে। প্রত্যেক শিল্পী ফেলোকে 60,000 মার্কিন ডলার প্রদান করা হবে যার মধ্যে প্রজেক্টের সকল খরচ অন্তর্ভুক্ত।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের ডিরেক্টর Erika Mallin (এরিকা ম্যালিন) বলেন, "সমালোচনামূলক চিন্তাবিদ এবং চিন্তানেতা হিসেবে শিল্পীরা এমন অনন্য দৃষ্টিভঙ্গি নিয়ে আসেন যা আমাদের সব থেকে জরুরি চ্যালেঞ্জগুলির সমাধান নতুনভাবে ভাবতে সাহায্য করে। নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস টানা দ্বিতীয় বছরের জন্য এই গুরুত্বপূর্ণ উদ্যোগের

নেতৃত্ব দিতে পেরে এবং সত্যিকারের সৃজনশীল পার্টনারশিপে শিল্পী ও স্টেট এজেন্সিগুলিকে একসাথে কাজ করার সুযোগ দিতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের চেয়ার Patrick Willingham (প্যাট্রিক উইলিংহাম) বলেন, "শিল্পীরা তাদের অনন্য দৃষ্টিভঙ্গি এবং সৃজনশীলভাবে সমস্যা সমাধানের মাধ্যমে সরকারের জন্য অসাধারণ মূল্য প্রদান করেন, তবে আরো গুরুত্বপূর্ণ বিষয় এই যে তারা আমাদেরকে একে অপরের মানবিকতার সাথে যুক্ত করেন এবং আমাদের একক কমিউনিটির অনুভূতিকে আরো প্রাণবন্ত করে তোলেন। State of the Arts Fellows প্রোগ্রাম হলো সৃজনশীল চর্চা কীভাবে সরকারি সেবা এবং জনপরিসরকে প্রভাবিত ও প্রাণবন্ত করতে পারে, তার একটি প্রমাণ।"

নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের ডিরেক্টর Ben Walsh (বেন ওয়ালশ) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের ক্যানাল সিস্টেমের (New York State Canal System) রক্ষণাবেক্ষণের পেছনে থাকা 'Canal Craft' তুলে ধরতে State of the Arts Fellowship প্রোগ্রামের জন্য NYSCA-এর পার্টনার হতে পেরে আমরা গর্বিত। এই ঐতিহাসিক এবং এখনো গুরুত্বপূর্ণ জলপথটির রক্ষণাবেক্ষণে আমাদের কর্মশক্তি যে দক্ষতা ও নিষ্ঠা নিয়ে কাজ করে, তা আমি নিজের চোখে দেখেছি। তাদের উদ্ভাবনী দক্ষতা, কারিগরি নৈপুণ্য এবং কাজের প্রতি আগ্রহই Canal Craft-এর পরিচয় তৈরি করে এবং আমাদের একটানা তৃতীয় শতাব্দীর পরিচালনার মাধ্যমে সব নিউ ইয়র্কবাসীর জন্য খালগুলিকে নিরাপদভাবে সচল রাখে। একজন শিল্পী কীভাবে এই কাজকে ব্যাখ্যা করেন এবং খাল ব্যবস্থাকে টিকিয়ে রাখা এই অনন্য প্রচেষ্টা ও মানুষগুলির প্রতি আরো বেশি মূল্যায়ন ও আগ্রহ তৈরি করেন, তা দেখার জন্য আমি অপেক্ষা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হিউমেন রাইটসের কমিশনার Denise M. Miranda (ডেনিস এম মিরান্ডা) বলেন, "নিউ ইয়র্ক স্টেট অনেক দিন ধরে অগ্রগতির মশাল হিসেবে অবস্থান করেছে, এবং দেশের সব থেকে প্রথম দিকের ও সব থেকে শক্তিশালী নাগরিক অধিকার সুরক্ষাগুলির কয়েকটির পথপ্রদর্শক হয়ে থেকেছে। তবে নীতিগত অর্জন এবং আইন প্রণয়নের সাফল্য সবসময় এই কাজের সম্পূর্ণ প্রভাব তুলে ধরতে পারে না। শিল্পভিত্তিক গল্প বলার একটি অনন্য, রূপান্তরকারী ক্ষমতা রয়েছে যা এসব মাইলফলককে এমন মানবিক অভিজ্ঞতায় রূপান্তর করতে পারে যার সাথে আমরা সবাই নিজেদের সম্পর্কিত করতে এবং তা বুঝতে পারি। ডিভিশন অফ হিউমেন রাইটস নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের পার্টনার হতে এবং 2026-27 State of the Arts Fellowship প্রোগ্রামে অংশ নিতে পেরে সম্মানিত, এবং আমরা এমন একজন শিল্পী নির্বাচন করার ব্যাপারে আগ্রহী যিনি আমাদের স্টেটের নাগরিক অধিকার বিষয়ক ঐতিহ্যকে জীবন্ত করে তুলবেন।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিসনাউস্কাস) বলেন, "স্টেট অফ নিউ ইয়র্ক মর্টগেজ এজেন্সির মাধ্যমে HCR পুরো স্টেটের ব্যক্তি ও পরিবারগুলির জন্য বাড়ির মালিকানা আরো সহজলভ্য করার লক্ষ্যে কাজ করে। এই ফেলোশিপ আমাদের সেই কাজে একটি নতুন সৃজনশীল দৃষ্টিভঙ্গি যুক্ত করার একটি আকর্ষণীয় সুযোগ দিচ্ছে, যা সচেতনতা ও ধারণার ক্ষেত্রে বিদ্যমান ব্যবধান কমাতে সাহায্য করবে যাতে মানুষ তাদের বাড়ির মালিকানার সুযোগগুলি আরো ভালোভাবে বুঝতে পারে। বাড়ির মালিকানা ব্যক্তির থেকে বড় পরিসরেও প্রভাব ফেলতে পারে এবং

পরিবারগুলির স্থিতিশীলতা ও প্রজন্মগত সম্পদ গড়ে তোলার সুযোগ তৈরি করতে পারে। নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করে তোলার ক্ষেত্রে তার ধারাবাহিক অঙ্গীকারের জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি এবং নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের সাথে এই উদ্ভাবনী পার্টনারশিপের ব্যাপারে আগ্রহী।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের কমিশনার Willow Baer (উইলো বেয়ার) বলেন, "স্ট্যাটেন আইল্যান্ডে 50 বছরের বেশি আগে বন্ধ হয়ে যাওয়া ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি সহ মানুষের সাবেক একটি প্রতিষ্ঠান, Willowbrook Center for Learning-এর জন্য নতুন ভিশন গড়ে তুলতে সাহায্য করার উদ্দেশ্যে আমাদের দলে একজন শিল্পী ফেলোকে স্বাগত জানানোর জন্য নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস আমাদের নির্বাচিত করেছে বলে OPWDD অত্যন্ত আনন্দিত। শিল্পীর দৃষ্টিভঙ্গি প্রজেক্টটির নকশা ও উদ্দেশ্যের পরিপূরক হবে, অতীত ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একজন গল্পকার হিসেবে কাজ করবে এবং সবার জন্য কমিউনিটিতে একত্রিত হওয়া ও ইনক্লুশনের ক্ষেত্রে নিউ ইয়র্কের লক্ষ্যগুলিকে আরো অগ্রসর করতে সাহায্য করবে।"

স্টেটের সিনেটর Jose M. Serrano (হোসে এম সেরানো) বলেন, "State of the Arts Fellowship নিউ ইয়র্কের প্রতিভাবান শিল্পী এবং নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলির মধ্যে এই অসাধারণ সহযোগিতা ধারাবাহিক রাখবে বলে আমি অত্যন্ত আনন্দিত। সিনেটের কালচারাল অ্যাফেয়ার্স কমিটির (Cultural Affairs Committee) চেয়ার হিসেবে আমি বিশ্বাস করি যে, এই প্রোগ্রাম আমাদের সৃজনশীল কর্মশক্তির জন্য তাদের অনন্য দৃষ্টিভঙ্গি ও দক্ষতা সরকারি খাতে নিয়ে আসার একটি মূল্যবান সুযোগ তৈরি করে। নানা ক্ষেত্রের মধ্যে সহযোগিতা বাড়ানোর মাধ্যমে আমরা উদ্ভাবনী পদ্ধতি, সৃজনশীল সমাধান তৈরি করতে এবং আরো শক্তিশালীভাবে কমিউনিটিকে জড়িত করতে পারি।"

অ্যাসেম্বলির সদস্য Ron Kim (রন কিম) বলেন, "পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীদের আরো ভালোভাবে সেবা দেওয়ার জন্য আমাদের সৃজনশীল খাতের সাথে সহযোগিতা করার কারণে আমি নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস এবং এই বছরের অংশগ্রহণকারী এজেন্সিগুলির প্রশংসা করছি। এই প্রজেক্টগুলি কীভাবে সরকারি সেবা প্রদানের পদ্ধতিকে নতুনভাবে গড়ে তুলবে এবং আমরা যেসব কমিউনিটিকে সেবা দিই তাদের সাথে সম্পর্ক আরো গভীর করবে, তা দেখার ব্যাপারে আমি আগ্রহী।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের ব্যাপারে

নিউ ইয়র্ক স্টেটের কাউন্সিল অন দ্য আর্টসের এর মিশন হলো সকলের জন্য নিউ ইয়র্ক স্টেটের শিল্প, সংস্কৃতি, এবং সৃজনশীলতাকে সম্পূর্ণভাবে সম্ভব এবং অগ্রসর করা। 2027 অর্থবছরে কাউন্সিল অন দ্য আর্টস 161 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দিবে যা স্টেটের 10টি অঞ্চলের সকল সংস্থা এবং শিল্পীদের সহায়তা করবে। 1960 সালে গভর্নর Nelson Rockefeller-এর (নেলসন রকফেলার) তৈরি করা এবং গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার সমর্থন পেয়ে চলতে থাকা কাউন্সিলটি হলো একটি এজেন্সি যা এক্সিকিউটিভ ব্রাঞ্চের অংশ। NYSCA সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে www.arts.ny.gov ভিজিট করুন এবং NYSCA-এর Facebook পেজ, X-এ, যা পূর্বে Twitter নামে পরিচিত ছিলো, @NYSCArts এবং Instagram-এ @NYSCouncilontheArts ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।